

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তৃতীয় অনুচ্ছেদ - দু'বার সালাত আদায় করা

### আরবী

وَعَنْ سُلَيْمَانَ مَوْلَى مَيْمُونَةَ قَالَ: أَتَيْنَا ابْنَ عُمَرَ عَلَى الْبَلَاطِ وَهُمْ يُصِلُّونَ. فَقُلْتُ: أَلَا تُصَلِّق مَعَهُمْ؟ فَقَالَ: قَدْ صَلَّيْتُ وَإِنِّي سَمِعْتُ رَسُول الله يَقُولُ: «لَا تُصَلُّوا صَلَاةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ» . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاؤُد وَالنَّسَائِي

#### বাংলা

১১৫৭-[৮] উন্মূল মু'মিনীন মায়মূনাহ্ (রাঃ)-এর মুক্ত গোলাম সুলায়মান (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর নিকট বালাতে (মসজিদের আঙিনায়) আসলাম। সে সময় মানুষেরা মসজিদে (জামা'আতে) সালাত আদায় করছিল। আমরা ইবনু 'উমার (রাঃ)-কে জিজ্ঞেস কাছে আবেদন করলাম, আপনি লোকদের সঙ্গে (জামা'আতে) সালাত আদায় করছেন না কেন? জবাবে 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) বললেন, আমি সালাত আদায় করে ফেলেছি। আর আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমরা একই দিনে এক সালাত (সালাত/নামায/নামাজ) দু'বার আদায় করবে না। (আহমাদ, আবু দাউদ, নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫৭৯, নাসায়ী ৬৮০, ইবনু খুযায়মাহ্ ১৬৪১, ইবনু হিব্বান ২৩৯৬, মু'জামুল কাবীর ১৩২৭০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 

﴿ الله عَمْ مَرَّ تَيْنِ ﴿ مَرَّ تَيْنِ ﴾

ইমাম শাওকানী বলেন, এ হাদীসটি তাদের দলীল যারা বলেন যে, কোন ব্যক্তি একবার জামা'আতে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার পর পুনরায় জামা'আত পেলে তিনি আর পুনর্বার জামা'আতে শরীক হবেন না। সে জামা'আত যেমনই হোক না কেন। কেন্না জামা'আতের ফাযীলাত তিনি প্রথম জামা'আতের মাধ্যমেই



অর্জন করেছেন। এ হাদীসটি পূর্বে বর্ণিত ঐ হাদীস বিরোধী যাতে ইবনু 'উমার (রাঃ) ফাতাওয়া দিয়েছেন যে, জামা'আত পেলে তিনি পুনরায় জামা'আতে শরীক হবেন। এ দুই বিপরীতমুখী হাদীসের সমন্বয়ের ব্যাপারে 'আলিমগণ ভিন্নমত পোষণ করেছেন।

- (১) এ হাদীসটি তাদের বেলায় প্রযোজ্য যারা জামা'আতে সালাত আদায় করেছেন। তারা পুনরায় ঐ সালাত আদায় করবে না। আর অন্য হাদীসটি তাদের জন্য প্রযোজ্য যারা একাকী সালাত আদায় করেছে। তারা পুনরায় জামা'আত পেলে জামা'আতে শরীক হবে।
- (২) ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত এ হাদীসের উদ্দেশ্য হল দ্বিতীয়বার ফারযের (ফরযের/ফরজের) নিয়্যাতে সালাত আদায় করবে না বরং প্রথম সালাতকে ফরয সালাত গণ্য করবে। আর পরের সালাত নফলের নিয়্যাতে আদায় করবে।
- (৩) বিনা কারণে একই দিনে এক সালাত দু'বার আদায় করবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন